ATASK হলো নিউ ইংল্যান্ডে অবস্থিত প্যান-এশিয়ান ভুক্তভোগী ও বেঁচে যাওয়া মানুষকে নিয়ে কাজ করা একটি পারিবারিক সহিংসতা এজেন্সি, যারা 14টি এশিয়ান ভাষায় গ্রাহকদেরকে সেবা দিয়ে থাকে। আমাদের মিশন হলো এশিয়ান পরিবার ও কমিউনিটিগুলোর মধ্যে পারিবারিক সহিংসতা প্রতিরোধ করা এবং বেঁচে যাওয়া মানুষদের আশাবাদী করা।

**বোস্টন:**

পি.ও. বক্স 120108 বোস্টন, MA 02112 টেলি: (617) 338-2350
ফ্যাক্স: (617) 338-2354

**লোওয়েল:**

পি.ও. বক্স 7259 লোওয়েল, MA 01853 টেলি: (978) 454-3651
ফ্যাক্স: (978) 937-2355

24-ঘণ্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

(617) 338-2355

বাংলা
ভিয়েতনামিজ

ক্যানটোনিজ; মান্দারিন
তাইওয়ানিজ ইন্দোনেশিয়ান

হিন্দি
নেপালি

উর্দু

থাই

তাগালগ (ফিলিপিনো)
মিয়েন

খেমার (কম্বোডিয়ান)
জাপানিজ

কোরিয়ান

মনিপুরী

*এই প্রকল্পটিতে সহায়তা করেছে ইউ.এস. ডিপার্টমেন্ট অব জাস্টিজ, অফিস অন ভায়োলেন্স এগেইনেস্ট ওম্যান কর্তৃক যার অনুদান নম্বর 2018-WL-AX-0010। এই প্রকাশনা/প্রোগ্রাম/প্রদর্শনীতে যে মতামত, ফলাফল, উপসংহার ও সুপারিশ দেওয়া হয়েছে

FAQ রচিত করেছে ATASK লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম সর্বশেষ হালনাগাদ হয়েছে মে 31, 2016

**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# নির্যাতন থেকে বাঁচার জন্য আইনি সুরক্ষা

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম

24-ঘণ্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

**(617) 338-2355**

www.atask.org

ASIAN TASK FORCE
Against Domestic Violence

# লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম

আমাদের Legal Advocacy Program-টি এশিয়ান বা এশিয়ান-আমেরিকান জাতিগত উৎপত্তির পারিবারিক সহিংসতা এবং যৌন আক্রমণের ভুক্তভোগীদের বিনামূল্যে আইনি পরিষেবার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাটতি পূরণ করার চেষ্টা করে।

2009 সাল থেকে শুরু করে, আমাদের ATASK গ্রাহকদেরকে নিরাপদ ও স্বাধীন ব্যক্তিতে পরিণত হতে তাদের আইনী অধিকার পেতে, নির্যাতনকারীদের ক্ষমতার ও নিয়ন্ত্রণের বিভিন্ন ধরণ থেকে মুক্ত করতে, সর্বজনীন বহুভাষিক এবং বহু-সাংস্কৃতিক আইনি সহোযোগিতা, প্রতিনিধিত্ব এবং পরামর্শ প্রদান করে আসছি।

কমিউনিটি-ভিত্তিক সংগঠন, আইন স্কুল, আইনী পরিষেবাদি এবং স্বেচ্ছাসেবী অ্যাটর্নিদের সাথে আমাদের একত্রে কাজ করার ইতিহাস থেকে দেখা যায় যে আমরা বেঁচে যাওয়া কেউ যাতে আইনী প্রতিনিধিত্ব, কৌশলগত সহায়তা, নির্দেশিকা বা কোনো সফল রেফারেল ব্যতীত ফেরত না যায় তা নিশ্চিত করতে নিবেদিভাবে কাজ করি।

দাবি পরিত্যাগ: এই পৃষ্ঠার বিষয়বস্তু শুধুমাত্র সীমিত তথ্যগত উদ্দেশ্যে এবং এটি কোন আইনী পরামর্শ নয়। আপনি কোনো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেওয়ার পূর্বে, আপনার অনন্য এবং নির্দিষ্ট পরিস্থিতি বিশ্লেষণে সহায়তা করার মাধ্যমে আপনার চাহিদাগুলোর সাথে ভালোভাবে খাপ খায় এমন একটি সমাধান খুঁজে পেতে ATASK আপনাকে একজন ম্যাসাচুসেটস আইনজীবীর পরামর্শ নিতে জোরালোভাবে উৎসাহ দেয়।

## আরও সহায়তা দরকার?

**জরুরি প্রয়োজনে অনুগ্রহ করে 911 নম্বরে কল করুন**

সেইফলিংক ........................................1-877-785-2020

........................................1-877-521-2601

গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস ........................................617-371-1234

........................................800-323-3205

লিগ্যাল অ্যাডভোকেসি অ্যান্ড রিসোর্স সেন্টার, আইএনসি.........617-603-1700

........................................800-345-5297

মেট্রো ওয়েস্ট লিগ্যাল সার্ভিসেস ........................................508-620-1830

........................................800-696-1501

নর্থইস্ট লিগ্যাল এইড ........................................978-458-1465

........................................800-336-2262

ন্যাশনাল ল'ইয়ার্স গিল্ড ........................................617-227-7008

বোস্টন বার অ্যাসোসিয়েশন ল'ইয়ার রেফারেল সার্ভিস .........617-742-0625

........................................800-552-7046

ম্যাসাচুসেটস বার অ্যাসোসিয়েশন ........................................617-654-0400

........................................866-627-7577

## আমার নির্যাতনকারীর সাথে আমার কোনো পারিবারিক সম্পর্ক নেই, কিন্তু আমি বারবার তার দ্বারা নির্যাতিত হচ্ছি, সেক্ষেত্রে কী হবে?

আপনি আরো বেশি হয়রানি হওয়া প্রতিরোধ করতে 258E হয়রানি প্রতিরোধমূলক আদেশ সংগ্রহ করতে পারেন।

**258E হয়রানি প্রতিরোধমূলক আদেশের জন্য উপযুক্ত হতে হলে, আপনার উৎপীড়নকারীকে অবশ্যই নিম্নলিখিত জিনিসগুলোর মধ্যে কমপক্ষে একটি করে থাকতে হবে:**

1) আপনার বিরুদ্ধে তিনটি ইচ্ছাকৃত এবং ক্ষতিকর কাজ করেছে, যা ভয় সৃষ্টি , হুমকি দেয়া, নির্যাতন করা বা সম্পত্তির ক্ষতি করার উদ্দেশ্যে করেছে এবং সফল হয়েছে।

2) আপনাকে যৌন সম্পর্ক স্থাপনে বাধ্য করে থাকে;

**অথবা**

3) নির্দিষ্ট কিছু অপরাধ করেছে যার মধ্যে অপরাধমূলক অনুসরণ, ধর্ষণ, অশালীন শারীরিক হামলা বা কোনো শিশুকে আঘাত অন্তর্ভুক্ত।

একটি হয়রানি প্রতিরোধমূলক আদেশ উৎপীড়নকারীকে আপনাকে হয়রানি ও নির্যাতন করা থেকে বিরত থাকতে, আপনার সাথে যোগাযোগ বন্ধ করতে, আপনার বাসা ও কর্মক্ষেত্র থেকে দূরে থাকতে এবং কোনো কোনো ক্ষেত্রে আপনাকে আর্থিক ক্ষতিপূরণ দিতেও বাধ্য করতে পারে। এই আদেশ লঙ্ঘন করা হলে তা একটি অপরাধ হিসেবে গন্য করা হবে।

আপনার নির্যাতনকারীর সাথে আপনার কোনো প্রকার গৃহস্থ, পারিবারিক অথবা ডেটিং সম্পর্ক থাকার প্রয়োজন হবে না। আপনি এটিকে কর্মচারী, সহকর্মী, বন্ধুবান্ধব, পরিচিত, অপরিচিত ব্যক্তি ইত্যাদির বিরুদ্ধে আপনার নিজের নিরাপত্তার জন্য ব্যবহার করতে পারেন।

258A হয়রানি প্রতিরোধমূলক আদেশ সম্পর্কে তথ্যের জন্য, নিয়ন্ত্রণমূলক আদেশের পুস্তিকা দেখুন।

সূত্র: M.G.L.A. 258E।

## ম্যাসাচুসেটস নির্যাতন প্রতিরোধমূলক আদেশের অধীনে কোন বিষয়গুলোকে নির্যাতন বলে বিবেচনা করা হয়?

আপনার পার্টনার, রক্ত বা আইন দ্বারা আপনার সাথে সম্পর্কিত পরিবারের কোনো সদস্য, অথবা আপনার সাথে বসবাসকারী যে কেউ যদি আপনাকে আঘাত করে, আপনাকে আঘাত করার হুমকি দেয়, আপনার ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক যৌন সম্পর্ক স্থাপন করে এবং তাকে শারীরিকভাবে ভয় পেতে আপনাকে বাধ্য করে, তাহলে আপনি নির্যাতিত হচ্ছেন, এবং আপনি ম্যাসাচুসেটসের কোনো আদালত থেকে আইনি সুরক্ষা চাইতে পারেন।

## আমি নির্যাতিত হচ্ছি বা সম্প্রতি নির্যাতিত হয়েছি,নিজেকে রক্ষা করার জন্য আমি আইনসম্মতভাবে কী করতে পারি?

আপনি পুলিশ ডাকতে পারেন এবং তাদেরকে বলতে পারেন:

- আপনি যেখানে আছেন সেখানে আসতে,
- নির্যাতন বন্ধ করতে, আপনার চিকিৎসা বিষয়ক চাহিদা পূরণে সাহায্য করতে এবং
- নির্যাতনমূলক ঘটনার জন্য আনুষ্ঠানিকভাবে অভিযোগ করতে। পুলিশ আপনাকে নির্যাতনকারীকে গ্রেফতারও করতে পারে।

আপনি আদালত থেকেও পরিত্রাণ চাইতে পারেন:

- আপনি একটি ফৌজদারি অভিযোগ দায়ের করতে পারেন,
- এবং/ অথবা আপনি নিরাপত্তামূলক আদেশ চাইতে পারেন (প্রচলিতভাবে 209A নিয়ন্ত্রণমূলক আদেশ হিসেবেও পরিচিত) যেটি আপনার সঙ্গী বা পার্টনারকে আপনার থেকে দূরে থাকার শর্তাধীন করে।

সূত্র: M.G.L.A. 209A § 6

## আমি নির্যাতনের শিকার হওয়ার পর পুলিশ ডাকলে কী হবে?

**যদি ইংরেজিতে আপনার দক্ষতা সীমিত হয়, তবে পুলিশের কাছে একজন দোভাষী চাওয়ার জন্য আপনার অধিকার রয়েছে।**

আপনি যেখানে অবস্থান করছেন পুলিশ অবশ্যই সেখানে আসবেন এবং আপনার অভিবাসন অবস্থা নির্বিশেষে আপনার সুরক্ষা দিতে সাহায্য করবে। কী ঘটেছে সে ব্যাপারে আপনি এবং আপনার পার্টনারকে তারা জিজ্ঞাসাবাদ করবে। এই জিজ্ঞাসাবাদ এবং তাদের পর্যবেক্ষণসমূহের উপরে ভিত্তি করে তারা একটি আনুষ্ঠানিক পুলিশ প্রতিবেদন তৈরি করবে, যা পরবর্তীতে যেকোনো আদালতে ব্যবহার করা যাবে। এই প্রতিবেদনের একটি অনুলিপি বিনামূল্যে আপনার পাওয়ার অধিকার রয়েছে।

আপনি নিরাপদ বোধ করার পূর্ব পর্যন্ত পুলিশ আপনার সাথে থাকতে পারে। প্রয়োজন হলে, তারা আপনাকে কোনো হাসপাতাল অথবা আশ্রয়কেন্দ্রে নিয়ে যেতে পারে। তারা আপনাকে আপনার নির্যাতনকারীর বিরুদ্ধে একটি জরুরি নিয়ন্ত্রণমূলক আদেশ সংগ্রহেও সাহায্য করতে পারে।

তারা যদি বিশ্বাস করে যে নির্যাতনের ঘটনা ঘটেছে, তাহলে তারা নির্যাতনকারীকে গ্রেফতারও করতে পারে। পুলিশ যদি গ্রেফতার করার সিদ্ধান্ত না নেয় এবং তার ফলে আপনি আপনার নিরাপত্তা নিয়ে শঙ্কিত হন, তাহলে আপনাকে কোনো আশ্রয়কেন্দ্রে নিয়ে যাওয়ার জন্য পুলিশকে বলুন। অস্থায়ী এবং আধা-স্থায়ী আশ্রয়কেন্দ্রে সম্পর্কে তথ্যের জন্য, আবাসন পুস্তিকা দেখুন।

## আমার উপর নির্যাতন চালানো আমার স্বামী বা পার্টনারের বিরুদ্ধে কি আমি অপরাধের অভিযোগ দায়ের করতে পারবো?

শুধুমাত্র সরকারি অ্যাটর্নি আপনার নির্যাতনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ দায়ের করতে পারেন। ভুক্তভোগী হিসেবে, আপনি একজন সাক্ষী। সরকার নির্যাতনকারীর বিরুদ্ধে আক্রমণ বা আক্রমণ ও আঘাত, কিংবা যেকোনো প্রাসঙ্গিক অপরাধমূলক লঙ্ঘনের অভিযোগ দায়ের করতে পারে।

ফৌজদারি আদালতের কাছে একটি অপরাধমূলক অভিযোগ দায়ের করার মাধ্যমে আপনি সরকারকে আপনার নির্যাতনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ আনার অনুরোধ করতে পারেন। আপনি অভিযোগ দায়ের করতে বা প্রত্যাহার করে নিতে পারবেন না।

## আমাকে কি আমার নির্যাতনকারীর বিরুদ্ধে অপরাধমূলক অভিযোগ দায়ের করতে হবে? ফৌজদারি অভিযোগের পরিণতি কী হবে?

সরকার যদি আপনার নির্যাতনকারীর বিরুদ্ধে মামলা পরিচালনার সিদ্ধান্ত নেয়, তাহলে অধিকাংশ ক্ষেত্রেই ভুক্তভোগীর সাক্ষী হিসেবে আপনার সাক্ষ্য তাদের সফলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে থাকে। আপনি যদি সাক্ষ্য না দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে সরকার কি আপনাকে ছাড়া এই মামলা চালিয়ে যাবে কি না সেটির সিদ্ধান্ত নেবে। যেসকল পারিবারিক সহিংসতার মামলাগুলো আপনার সাক্ষ্যই একমাত্র প্রমাণ, সেখানে সরকার সম্ভবত মামলা প্রত্যাহার করে নেবে।

আপনি কোনো অপরাধমূলক অভিযোগ না করলেও সরকার অভিযোগ দায়ের করতে পারে। পুলিশ যদি আপনার বাড়িতে আসে এবং নির্যাতনের প্রমাণ স্বচক্ষে দেখে, তাহলে পুলিশ বা তদন্তকারীও একটি অপরাধমূলক অভিযোগ দায়ের করতে পারে এবং শুধুমাত্র সেই অভিযোগের ভিত্তিতে সরকার মামলা পরিচালনার সিদ্ধান্ত নিতে পারে।

## কোনো অপরাধমূলক অভিযোগ দায়ের করা নেই, কিন্তু আমি চাই আমার পার্টনার আমাকে নির্যাতন করা বন্ধ করুক, সেক্ষেত্রে কী হবে?

আপনি একটি 209A পারিবারিক সহিংসতা নিয়ন্ত্রণমূলক আদেশের জন্য আবেদন দাখিল করতে পারেন, যা হচ্ছে একটি নির্যাতন প্রতিরোধী আদেশ।

209A নিয়ন্ত্রণমূলক আদেশ আপনার নির্যাতনকারীকে আপনার উপর নির্যাতন চালানো থেকে বিরত থাকার (আপনি তার সাথে বসবাস করতে থাকলেও), আপনার সাথে যোগাযোগ বন্ধ করার, আপনার বাসা বা কর্মক্ষেত্র থেকে দূরে থাকার এবং/অথবা আপনি যদি আপনার নির্যাতনকারীর সাথে বাস করেন তাহলে থাকে সেখান থেকে চলে যাওয়ার আদেশ দেয়। নির্যাতনকারী যদি আপনার সন্তানের পিতা হয় তাহলে এটি আপনাকে আপনার সন্তান(দের) অস্থায়ী হেফাজত এবং সন্তান সংক্রান্ত সহায়তাও প্রদান করতে পারে।

209A আপনার নির্যাতনকারীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ করার ব্যতীতই আপনাকে নিরাপত্তা প্রদান করে। তবে, নির্যাতনকারীকে অবশ্যই আদেশ মেনে চলতে হবে। তিনি যদি আদেশ অমান্য করেন, তাহলে অপরাধ হবে এবং তাকে গ্রেফতার করা হতে পারে।

**নিরাপত্তামূলক আদেশের জন্য উপযুক্ত বলে বিবেচিত হতে, আপনাকে অবশ্যই নিম্নলিখিত শর্তগুলো পূরণ করতে হবে:**

1) আপনি এবং আপনার নির্যাতনকারী ঘনিষ্ঠ সম্পর্কের সাথে জড়িত আছেন / জড়িত ছিলেন, একই বাড়িতে বাস করেন বা করতেন, অথবা বিবাহ বা রক্তের সম্পর্ক রয়েছে; এবং

2) তিনি আপনাকে শারীরিক ক্ষতি করার হুমকি বা চেষ্টা করেছে, অথবা আপনাকে শারীরিকভাবে ক্ষতি করেছে।

**এবং**

3) আপনি ভয় পাচ্ছেন যে আপনার নির্যাতনকারী আপনাকে খুব শীঘ্র আবারও শারীরিকভাবে ক্ষতি করবেন।

আপনাকে ছাড়া এই মামলা চালিয়ে যাবে কি না সেটির সিদ্ধান্ত নেবে। যেসকল পারিবারিক সহিংসতার মামলাগুলো আপনার সাক্ষ্যই একমাত্র প্রমাণ, সেখানে সরকার সম্ভবত মামলা প্রত্যাহার করে নেবে।

আপনার নির্যাতনকারী বর্তমান বা প্রাক্তন স্বামী/স্ত্রী, বর্তমান বা প্রাক্তন ডেটিং পার্টনার, একই বাসার বাসিন্দা বা একই রুমের বাসিন্দা, অথবা রক্ত বা বিবাহের দ্বারা আপনার সম্পর্কিত কোন আত্মীয় হতে পারে।

কিভাবে একটি নিয়ন্ত্রণমূলক আদেশের জন্য আবেদন করতে হয় এবং আপনার নির্যাতনকারী আদেশ অমান্য করলে কী হয় সেই বিষয়ে তথ্যের জন্য, **নিয়ন্ত্রণমূলক আদেশ পুস্তিকা** দেখুন।

সূত্র: M.G.L.A. 209A